রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬০২, বাংলাদেশ।

**Office of the Registrar**
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8602, Bangladesh.
Phone: 02478883471, Mobile: 01733094777, E-mail: registrar@pstu.ac.bd

স্মারক নং -পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮/১৯/৬৫৫ তারিখ: ১৯.৩.২০২৫ খ্রি.

## নিয়োগ বিজ্ঞপ্তি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অনুমোদিত শূন্যপদে নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং | পদের নাম, পদসংখ্যা ও বেতন স্কেল গ্রেড | বিভাগ |
|---|---|---|
| ১. | প্রভাষক-১১ (এগার) টি<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগ-০১ টি, কম্পিউটার সায়েন্স এন্ড ইনফরমেশন টেকনোলজি বিভাগ-০১ টি, ম্যাথমেটিক্স বিভাগ-০১ টি, ফিশারিজ বায়োলজি এন্ড জেনেটিক্স বিভাগ-০১ টি, ইকোনোমিক্স এন্ড সোসিওলজি বিভাগ-০১ টি, বায়োকেমিস্ট্রি এন্ড ফুড এনালাইসিস বিভাগ-০১ টি, কমিউনিটি হেলথ এন্ড হাইজিন বিভাগ-০১ টি, মাইক্রোবায়োলজি এন্ড পাবলিক হেলথ বিভাগ-০১ টি, ডেইরি সায়েন্স বিভাগ-০১ টি, মেডিসিন, সার্জারি এন্ড অবস্টেট্রিক্স বিভাগ-০১ টি, এগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং বিভাগ-০১ টি। |
| ২. | সহকারী অধ্যাপক-৯ (নয়) টি<br>৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | ফিশারিজ ম্যানেজমেন্ট বিভাগ-০১ টি, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ-০১ টি, কৃষিতত্ত্ব বিভাগ-০১ টি, মৃত্তিকা বিজ্ঞান বিভাগ-০১ টি, ফুড মাইক্রোবায়োলজি বিভাগ-০১ টি, ফুড টেকনোলজি এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-০১ টি, ডিজাস্টার রিস্ক ম্যানেজমেন্ট বিভাগ-০১ টি, এনাটমি এন্ড হিস্টোলজি বিভাগ-০১ টি, প্যাথলজি এন্ড প্যারাসাইটোলজি বিভাগ-০১ টি। |

উপরোক্ত পদ সমূহে আবেদন করার প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা, শর্তাবলী ও যাবতীয় তথ্যাদি পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://pstu.ac.bd/pstu-forms) থেকে সংগ্রহ করতে হবে।

**আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ২৭.৪.২০২৫ খ্রি. (অফিস চলাকালীন সময় পর্যন্ত)।**

১৭/০৩/২৫

(প্রফেসর ড. মোঃ ইকতিয়ার উদ্দিন)
রেজিস্ট্রার (অ.দা.)
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬০২, বাংলাদেশ।

**Office of the Registrar**
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8602, Bangladesh.

Phone: 02478883471, Mobile: 01733094777, E-mail: registrar@pstu.ac.bd

## ১৯.৩.২০২৫ খ্রি. তারিখের পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮/১৯/৬৫৫ স্মারক মর্মে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির তথ্যাদিঃ

| ক্র. নং | পদের নাম, বেতন স্কেল গ্রেড ও পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১. | প্রভাষক-১১ (এগার) টি<br>২২০০০-৫৩০৬০/- (গ্রেড-৯) | ১. কৃষি, ব্যবসায় প্রশাসন, ইঞ্জিনিয়ারিং, মাৎস্যবিজ্ঞান, এ্যানিমাল সায়েন্স এন্ড ভেটেরিনারী মেডিসিন, নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স, এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট এবং আইন ও ভূমি প্রশাসন অনুষদ/বিভাগ/বিষয় সমূহের ক্ষেত্রে প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়ে ৪ (চার)/৫ (পাঁচ) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান)/এমবিবিএস এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতক (সম্মান)/এমবিবিএস ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণী থাকতে হবে অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৬০ থাকতে হবে।<br>২. সকল অনুষদের ক্ষেত্রে এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় প্রথম বিভাগ থাকতে হবে অথবা এসএসসি ও এইচএসসি পরীক্ষায় মোট জিপিএ ১০.০০ (৫.০০+৫.০০) এর মধ্যে কমপক্ষে মোট জিপিএ ৯.০০ থাকতে হবে।<br>৩. পরীক্ষার ফলাফল সিজিপিএ/জিপিএ আকারে না হয়ে যদি প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রকাশিত হয়, সেক্ষেত্রে ৭০% এবং তদুর্ধ্ব নম্বরধারী প্রার্থী প্রভাষক পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে। এক্ষেত্রে স্নাতক পরীক্ষার নম্বরের ভিত্তিতে প্রাপ্ত আবেদনকারীদের মধ্য থেকে শীর্ষ ৫ (পাঁচ) জন ইন্টারভিউ এর জন্য বিবেচিত হবে।<br>৪. সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার)/৫ (পাঁচ) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) পরীক্ষায় স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের ব্যাচভিত্তিক শীর্ষ ৭% (শতকরা সাত ভাগ) ছাত্র-ছাত্রী প্রভাষক পদে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে।<br>৫. যে সকল বিশ্ববিদ্যালয়/অনুষদ/বিভাগের ছাত্র-ছাত্রীদের ট্রান্সক্রিপ্টে মেধাস্থান উল্লেখ করা হয় না, সে সকল প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের প্রভাষক পদে আবেদনের জন্য স্ব স্ব বিশ্ববিালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক মেধাস্থান উল্লেখ পূর্বক প্রত্যয়নপত্র আবেদনের সাথে জমা দিতে হবে।<br>বয়সঃ সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। |
| ২. | সহকারী অধ্যাপক-৯ (নয়) টি<br>৩৫৫০০-৬৭০১০/- (গ্রেড-৬) | <u>সহকারী অধ্যাপক (টেকনিক্যাল বিভাগসমূহ)</u><br>প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি. অথবা সমমানের ডিগ্রীধারী হতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকা চলবে না।<br><u>অথবা</u><br>এম.এসসি./এম.এস./এম.ফিল. ডিগ্রীসহ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক হিসেবে অন্যূন ২ (দুই) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। স্বীকৃত জার্ণালে ২ (দুই) টি গবেষনা প্রকাশনা থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকা চলবে না।<br><br><u>সহকারী অধ্যাপক (নন-টেকনিক্যাল বিভাগসমূহ)</u><br>প্রার্থীদের কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে পিএইচ.ডি অথবা সমমানের ডিগ্রীধারী হতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকা চলবে না।<br><u>অথবা</u><br>কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী থাকতে হবে। শিক্ষা জীবনের সকল স্তরে প্রথম বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকতে হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসেবে কমপক্ষে ২ (দুই) বছরের শিক্ষকতার বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে প্রাতিষ্ঠানিক জার্ণালে ২ (দুই) টি গবেষণা প্রকাশনা থাকতে হবে। কোন পরীক্ষায় ৩য় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকা চলবে না। |

শর্তাবলী:

১. আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে ১০ (দশ) সেট দরখাস্ত রেজিস্ট্রার, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী বরাবর আগামী ২৭.৪.২০২৫ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর সরাসরি/ডাকযোগে প্রাপ্ত কোন আবেদনপত্রই গ্রহণ করা হবে না। আবেদনপত্র পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://pstu.ac.bd/pstu-forms) থেকে সংগ্রহ করতে হবে।

২. উপরোক্ত বিভাগের পদসমূহে পূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে ইতোপূর্বে যারা আবেদন করেছেন কিন্তু নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হয়নি তাদের পুনরায় আবেদন করতে হবে তবে নতুন করে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে না।

রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬০২, বাংলাদেশ।

Office of the Registrar
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8602, Bangladesh.

Phone: 02478883471, Mobile: 01733094777, E-mail: registrar@pstu.ac.bd

৩. প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত সনদপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক দ্বারা সত্যায়িত) সংযুক্ত করতে হবে:
(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, নম্বরপত্র/ট্রান্সক্রিপ্ট, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার সাময়িক সনদপত্র;
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(গ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র;
(ঘ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

৪. আবেদনপত্রে অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। কোন শিক্ষাগত যোগ্যতা গোপন করলে চাকুরী প্রাপ্তির পর তা গ্রহণযোগ্য হবেনা।

৫. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অবশ্যই আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৬. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

৭. মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/উপজাতি/নারী ইত্যাদি কোটাভূক্ত প্রার্থীদের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।

৮. আবেদনপত্রের সাথে 'পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী' শিরোনামে রূপালী ব্যাংক, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার অনুকূলে (রূপালী ব্যাংকের যে কোন শাখা হতে) জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড ৬ ও গ্রেড ৯ এর জন্য ৯০০/- (নয়শত) টাকা (অফেরতযোগ্য) মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

৯. প্রার্থীকে আবেদনকৃত পদের নাম ও বিভাগ খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

১০. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১১. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২. কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১৩. অভিজ্ঞতার ক্ষেত্রে প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠানের চাকুরীর অভিজ্ঞতা বিবেচ্য হিসেবে গন্য হবে।

১৪. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ প্রার্থীরা স্ব-স্ব বিভাগ/শাখা প্রধান/যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অভিজ্ঞতার বিবরণসহ তাঁদের আবেদন অগ্রগামী করতে পারবেন। এ ক্ষেত্রে তাঁদের প্রশাসনিক অনুমোদনের প্রয়োজন হবে না।

১৫. নিয়োগ সংক্রান্ত যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৬. নিয়োগের জন্য প্রার্থীদের চূড়ান্ত বাছাইয়ের পূর্বে ডোপ টেষ্টে উত্তীর্ন হতে হবে।

১৭. যে কোন পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগের সকল বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসাবে বিবেচিত হবে।

২৭/০৩/২৫

(প্রফেসর ড. মোঃ ইকতিয়ার উদ্দিন)
রেজিস্ট্রার (অ.দা.)
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।